মেহেরপুরের রাইপুরে বজ্রপাতে এক ব্যক্তি নিহত

মেহেরপুর সদর উপজেলার রাইপুরে হংকার গাইন (৪০) নামে এক ব্যক্তির বজ্রপাতে মর্মান্তিক মৃত্যু হয়েছে।

শনিবার বিকাল ৪ টার দিকে একই এলাকার বিলপাড়ার একটি আম বাগানে ঘটনা ঘটে। নিহত হংকার গাইন একই এলাকার মৃত নেঙ্গা গাইন এর ছেলে এবং সে তিনি কন্যার জনক।
পারিবারিক সূত্রে জানাযায়, শনিবার বিকালে বৃষ্টির আগ মূহর্তে বাড়ির পাশে বিলপাড়ার একটি আম বাগানে আম কুড়াতে যায়। এসময় বৃষ্টি চলাকালে বজ্রপাতে ঘটনাস্থালেই সে নিহত হয়।

কুতুবপুর স্কুল এন্ড কলেজের ৯৫ ব্যাচের পুনর্মিলনী

মেহেরপুরের গাংনীর উপজেলার কুতুবপুর স্কুল এন্ড কলেজের ১৯৯৫ সালের এস এস সি ব্যাসের পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০ টার সময় পরিচিতি পর্বের মাধ্যেমে অনুষ্ঠানের সূচনা হয়। পুনর্মিলনী অনুষ্ঠানে ৭৫ জন উপস্থিতির মধ্যে দিয়ে শুরু হয়। অনুষ্ঠানে ২৬ বছরের সেই কৈসবের বন্ধু বান্ধবদের নিয়ে একত্রিত হতে পেরে সকলেই আবেগ আব্লুত হয়ে পড়েন। ১৯৯৫ সালের সেই এস এস সি পড়ুয়া ছাত্র ছাত্রীরা আজ কেউ কলেজের প্রভাষক,কেউ ব্যাংকার,কেউবা স্কুলের শিক্ষক,কেউ ব্যাবসা, এবং প্রবাসী ফেরত কেউবা সোনার দেশের সোনার ফসল ফলানোর সফল কারীগর। উপস্থিতিদের মধ্যে অন্যতম জিয়াউর রহমান, মহাদ্দেস আলী লাভলু মাষ্টার শাহিন,মাঝহারুল ইসলাম ,শাহারুল,মোশারফ হোসেন ফারুক,আরিফ,হাফিজুল ইসলাম শিমুল,লিয়াকত কমর জামাল,বিলকিস,মানসুরা,সিরিনা মুক্তা,মজ্জেম সহ আরো অনেকে। জিয়াউর রহমান বলেন, ২৬ টি বছর পর আমরা সেই কৈশবের বন্ধু গুলো একত্রিত হতে পেরেছি সুধু বন্ধুরাই নয় বন্ধুদের স্ত্রী ছেলে মেয়ে ও বান্ধবিদের স্বামী ছেলেমেয়ের নিয়ে উপস্থিত হয়েছি। সকলের সাথে

নতুন ভাবে পরিচিত হতে পেরে খুব ভালো লাগলো। তবে মনে পড়ে সেই দিনগুলোর কথা আজকে মনে পড়ে খুব সেই দিনের কথা কতই না মজার ছিল। তবে আমি চাইবো এমন সুন্দর দিনের আয়োজন প্রতি বছরেই হোক।

পুনর্মিলনী অনুষ্ঠানে দুপুরের খাবারের আগে কুইজ প্রতিযোগিতা ও সকল কে সম্মাননা পুরুষ্কার বিতরণ শেষ করে দুপুরের খাবার শেষের মধ্যে দিয়েই অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

গাংনীতে গরুর শিংয়ের গুতোই গৃহবধূর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের মহিসাখোলা গ্রামে গরুর গোয়াল ঘর পরিষ্কার করতে যেয়ে গরুর শিংয়ের গুঁতোই মুসলিমা খাতুন(২৫) নামের এক গৃহবধূর মৃত্যু হয়েছে।
আজ শনিবার বিকেলে এই ঘটনাটি ঘটে। নিহত মুসলিমা খাতুন মহিষাখোলা গ্রামের বজলুর রহমানের স্ত্রী।
নিহতের স্বামী বজলুর রহমান জানান, প্রতিদিনের ন্যায় মুসলিমা আজ বিকেলে গরুর গোয়াল ঘর পরিস্কার করছিল। এসময় গরুর সামনে গেলে তাকে শিং দিয়ে গুতো মারলে মুসলিমা মারাত্মক আহত হয়।এবং সাথে সাথে অজ্ঞান হয়ে পড়ে।
আহত মুসলিমাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্মরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এক সন্তানের জননী মুসলিমার মৃত্যুতে তার পরিবারে নেমে এসেছে শোকের মাতম। গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, বিষয়টি আমরা শুনেছি সেখানে পুলিশ পাঠানো হয়েছিল।।

গাংনী বাজারে রাজমণি শপিং

মলের কর্মচারীদের হাতে ক্রেতা লাঞ্চিত

মেহেরপুরের গাংনী বাজারের রাজমণি শপিংমলে সেন্ডেল ক্রয় করতে এসে শারীরিক লাঞ্চিত হয়েছে দুই মহিলা ক্রেতা। প্রতিবাদে ওই মহিলাদের অভিভাবক শপিং মলের মালিক রেজাউলকে স্যান্ডেল দিয়ে মারধর করলে শপিং মলের কর্মরত শ্রমিকরা মুকুল নামের একজনকে পিটিয়ে আহত করেছে। এবং তার কাছে থাকা ৫ হাজার ৪০০ টাকা ছিনিয়ে নিয়েছে এমন অভিযোগ করেন মুকুল সহ ওই তিন মহিলা।

বৃহস্পতিবার বিকেল সাড়ে চারটার সময় গাংনী বাজার বাসস্ট্যান্ড সংলগ্ন রাজমণি শপিংমলে এই ঘটনা ঘটে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে । ক্রেতাদের মধ্যে শুরু হয় হট্টগোল ও সমালোচনা। রাজমনির শপিং মলের মালিক রেজাউলের বিরুদ্ধে নানা অভিযোগ খাড়া করেন অন্য ক্রতারাও।
মুকুল জানায়, তার তার স্ত্রী ও দুই কন্যা রাজমনি শপিংমলে স্যান্ডেল ক্রয় করতে আসলে দোকানে কর্মরত শ্রমিকরা স্যান্ডেলের মূল্য অতিরিক্ত চাওয়াই ক্রেতাদের সাথে বাকবিতণ্ডা হয়। এসময় ক্রেতাদের বিভিন্ন ভাবে অপদস্থ মুলক কথাবাত্রা বলে দোকানের শ্রমিক । পরে ৪৫০ টাকা দিয়ে স্যান্ডেল ক্রয় করে বাড়ি চলে যান দুই মহিলা । বিষয়টি বাড়িতে জানালে স্যান্ডেল সহ মুকুল শপিংমলে প্রবেশ করে এবং শপিংমলের মালিক রেজাউলকে স্যান্ডেল দিয়ে মারধর করে। শপিংমলে শ্রমিকরাও পাল্টা মুকুলকে মারধর করে এবং তার জামাকাপড় ছিঁড়ে দেয়। মুকুলের অভিযোগ মুকুলের স্ত্রীসহ মেয়েকে শারীরিকভাবে লাঞ্ছিত করে। এবং তার কাছে থাকা ৫৪০০ টাকা ছিনিয়ে নেয়।
এ ঘটনায় স্থানীয় ক্রেতারা ফুঁসে ওঠেন। অন্যান্য ক্রেতারাও ব্যবসায়ীকে লাঞ্চিত করার চেষ্টা করলে তাৎক্ষণিক বাজার কমিটির সভাপতি মাহবুবুর রহমান স্বপন উত্তেজিত ক্রেতাদের সামাল দেয়ার চেষ্টা করেন। পরে গাংনী থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। সিসিটিভির ফুটেজ দেখে ঘটনার বিষয়ে অবগত হন। পরে গাংনী পৌরসভার কাউন্সিলর মোকসেদ আলী এবং পৌর মেয়র আহমদ আলী বিষয়টি আমলে নিয়ে বাজার কমিটি ও পুলিশ প্রশাসনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন।
সিসিটিভি ফুটেজে দেখা যায়, স্থানীয় মুকুল শপিংমলে প্রবেশ করে ব্যাংক থেকে সেন্ট্রাল বের করে শপিং মলের মালিক রেজাউল কে মারধর করে। পরে শপিং মলের অন্য শ্রমিকরাও মুকুলকে মারধর করে।। বাজারে থাকা অন্যান্য ক্রেতারাও শপিং মলের মালিক রেজাউলের বিরুদ্ধে নানা অভিযোগ তুলে ধরেন এবং বলেন, রেজাউল মাঝেমধ্যেই ক্রেতাদের সাথে

খারাপ আচরণ করেন।এবং তার শপিংমলের প্রতিটি জিনিস অতিরিক্ত মূল্যে বিক্রি করেন। শপিংমলে প্রশাসনিক কোনো তৎপরতা না থাকায় শপিং মলের মালিক উচ্চমূল্যে সকল পণ্য বিক্রি করেন।
শপিং মল এর মালিক রেজাউল জানান, আমার কোনো লোক মুকুলের বা তার মেয়ের গায়ে আগে হাত তোলে নি, সে এসেই আমাকে মারধর করলে আমাকে রক্ষা করতে আমার কর্মরত শ্রমিকরা তাকে মারধোর করে দোকান থেকে বের করে দেয়।
গাংনী থানার ওসি বজলুর রহমান জানান ঘটনাটি আমি শোনার সাথে সাথে সেখানে পুলিশ পাঠানো হয়েছে। এখন পর্যন্ত কোনো পক্ষই আমার কাছে অভিযোগ করেনি অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।
গাংনী পৌর মেয়র আহমেদ আলী জানান, ব্যবসায়ী এবং ক্রেতাদের বিষয়টি বাজারসংশ্লিষ্ট তাই বাজার কমিটিকে বিষয়টি নিরসনের দায়িত্ব দেয়া হয়েছে। বাজার কমিটি সিদ্ধান্ত নিতে ব্যর্থ হলে আমি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করব।

ফিলিস্তিনিদের উপর হামলার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

জেরুজালেম ও গাজায় ফিলিস্তিনিদের উপর ইসরায়েলী হামলা ও হত্যাকান্ডের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।
বৃহস্পতিাবর সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে বাম গণতান্ত্রিক জোট। এতে ব্যানার ফেস্টুন নিয়ে গণতান্ত্রিক জোটের শাখার নেতৃবৃন্দ অংশ নেয়।
এসময় বক্তব্য রাখেন বাংলাদেশের কমিউনিস্ট পার্টি জেলা শাখার সাধারণ সম্পাদক কমরেড স্বপন বাগচি, সাবেক সভাপতি কমরেড কাজী ফারুক, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসক) জেলা সমন্বয়ক এ্যাড. আসাদুল ইসলাম আসাদ, ওয়ার্কাস পার্টি (মার্কসবাদী) জেলা শাখার সাধারণ সম্পাদক কমরেড শাহিদুল এনাম, ইউনাইটেড কমিউনিস্ট লীগ জেলা সমন্বয়ক কমরেড মিজানুর রহমান, যুব ইউনিয়ন জেলা শাখার সভাপতি আবু তোয়াব অপু, ছাত্র ইউনিয়ন জেলা শাখার সভাপতি আরিফুল ইসলাম মিটুল, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট জেলা শাখার সভাপতি শারমিন সুলতানা। অনুষ্ঠান পরিচালনা করেন বাসদ নেতা কমরেড আসাদুর রহমান। বক্তারা কর্মসূচী থেকে ইসরায়েলী হামলা ও হত্যাকান্ডের প্রতিবাদ জানান। সেই সাথে এর বিরুদ্ধে ব্যবস্থা নিতে বিশ্বনেতাদের প্রতি আহবান জানান।

[redacted]

[redacted]

মাংসের দাম ছিলো ৫৫০ টাকা দুপুরে তার দাম ৭০০।

মাংস ক্রেতা ছানোয়ার হোসেন বলেন, বাড়ি থেকে জানতে পারলাম মহিষের মাংস বিক্রি হচ্ছে ৬০০ টাকা কেজি হাটে এসে জানছি ৭০০ টাকা। তাই মহিষের মাংস আর নেওয়া হলো না। আসলে প্রশাসনের তদারকি না থাকায় মাংস বিক্রেতারা নিজের ইচ্ছামতো দাম নিচ্ছে। একই জায়গায় ভিন্ন ভিন্ন দাম।

এবার মাংস বাজারে গাংনীর মেয়র

গাংনী বাজারে কোনো সিন্ডিকেট থাকবেনা। সিন্ডিকেট যুগ ফুরিয়ে এসেছে। শেখ হাসিনা সরকারের সময় সিন্ডিকেট সৃষ্টিকারিদের কোনো যায়গা নেই। গাংনী পৌরসভায় ব্যাবসায়ীরা সিন্ডিকেটে তরমুজ বিক্রি করতে গিয়ে হাড়ে হাড়ে টের পেয়েছে। মাংস ব্যাবসায়ীদের প্রাথমিক ভাবে সতর্ক করা হচ্ছে । সরকার নির্ধারিত মুল্যে মাংস বিক্রি করতে হবে। চাহিদা দেখে মাংসের মুল্য বৃদ্ধি করা হলে আইনগত ব্যবস্থা নেয়া হবে বলে জানান মেয়র আহম্মেদ আলী।

বৃহস্পতিবার সকালে গাংনী পৌর মাংস বাজারে ব্যবসায়ীদের উদ্দেশ্যে তিনি হুশিয়ারি দেন। ক্রেতাদের অভিযোগ গাংনেী পৌর বাজারে কতিপয় মাংস ব্যবসায়ী বেশি দরে মাংস বিক্রি করছিলেন এমন অভিযোগ করা হলে গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী তড়িত মাংস বাজার পরিদর্শন করেন। ক্রেতাদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা যারা মাংস নিতে আসবেন তারা অবশ্যই আমাকে বাজারের পরিস্থিতি জানাবেন। আমি আপনাদের খাদেম হিসেবে পাশে আছি|

★ঈদ আনন্দ মেলা★ —- পারভীন আকতার

দীর্ঘ একমাস সিয়াম সাধনা
তারপর আসে ঈদ,
আনন্দ আর কোলাকুলিতে
চন্দ্র মুদে নীদ।

ছেলেমেয়েরা খুশি মনে ঈদের সেমাই খায়,
সালামি পায় বড় থেকে
খুশির সীমা নাই।

মা দাদীরা নতুন শাড়ীতে দেখতে লাগে বেশ,
সবার মুখেই ঈদের হাসি
খুশি ভরায় রেশ।

নতুন পোশাক বাহারি খাবার
আত্মীয় দেখার পালা,
বহুদিন পর দেখি প্রিয় মুখ
ঈদ আনন্দ মেলা।

গাংনীর ভাটপাড়া বাজারে দু’মাংস ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া বাজারে বেশি দরে মাংস বিক্রি করার অপরাধে দু’ মাংস ববসায়ীর অর্থদন্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার বেলা ১১ টার সময় ভ্রাম্যমান আদলতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট নুর-ই-আলম সিদ্দিকী ভ্রাম্যমাণ আদালত পরিচালনা

করেন। এসময় ভাটপাড়া বাজারের মাংস বিক্রেতা বরকত আলীকে তিন হাজার টাকা এবং রফিকুল ইসলামকে এক হাজার টাকা জরিমানা করা হয়।

নির্বাহী ম্যাজিষ্ট্রেট নুর-ই- আলম সিদ্দিকী বলেন,মাংস ক্রেতাদের অভিযোগের ভিত্তিতে বাজারে গিয়ে বেশি দরে মাংস বিক্রি’র বিষয়টি প্রমাণিত হওয়ায় দু’জনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪০ ধারায় তাদের অর্থদন্ডে দন্ডিত করা হয়।
এছাড়া ৫৫০ টাকার বেশি দরে মাংস বিক্রিতে নিষেধাজ্ঞা জানানো হয়।

গাংনীর ভাটপাড়ায় পানিবন্দি অর্ধশত পরিবার

মেহেরপুরের গাংনীর সাহারবাটি ইউনিয়নর ভাটপাড়া গ্রামে মাত্র একটি কালভার্ট না থাকায় প্রতিবছর বর্ষার শুরু থেকে শেষ পর্যন্ত পানিবন্দি হয়ে পড়েন গ্রামের অর্ধশত পরিবার। বিভিন্ন সময়ে জন প্রতিনিধিসহ উপজেলা প্রশাসন একটি কালভার্টের ব্যবস্থা করে জনদুর্ভোগ দুর করবেন বলে প্রতিশ্রুতি দিয়ে আসলেও আজো তা কমেনি। বরং বেড়েছে। উপজেলা প্রশাসন বলছে কাজ আমাদের না সড়ক ও জনপদের। তবে সড়ক ও জনপদ বিভঅগের সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি।

মেহেরপুর জেলার গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া গ্রামের মধ্যদিয়ে গাংনী ভায়া কাথুলী সড়ক। সড়কটি একটি গ্রামকে দ্বি-খন্ডিত করে রেখেছে। মাঝখান দিয়ে পাকা রাস্তা হওয়ায় পানি নিষ্কাশন ব্যাবস্থা নেই।

গ্রামের অর্ধেক মানুষ পানিবন্দি হয়ে পড়ে। অল্প বৃষ্টি হলেও প্রতিটি বাড়ির উঠানে হাটু পানি জমে যায়। হাটু পানিতে মানবেতর জীবন যাপন করেন প্রায় অর্ধশতপরিবারকে। অন্য কোনো জায়গা না থাকায় পানিতেই রাখাতে হয় গৃহপালিত পশুপাখি। ফলে পানিবাহিত বিভিন্ন রোগে আক্রান্ত হয় গৃহপালিত পশুপাখি। শিশুদের নিয়ে পড়তে হয় অন্যরকম বিড়ম্বনা ও ঝুঁকিতে। গ্রামবাসীর এই পানিবন্দি জীবন যাপন দীর্ঘদিনের। প্রতিবছর বর্ষাতে গ্রামের মানুষ উপজেলা প্রশাসনের কাছে আসলে শুধু প্রতিশ্রুতি ছাড়া পরিবর্তন হয়নি

ভুক্তভোগীদের।

পানিবন্দি পরিবারের একজন আইদুল ইসলাম জানান, বাড়িতে ছোট ছোট ছেলেমেয়ে ও বৃদ্ধ মা। অল্প বৃষ্টি হলেই উঠানে জমে যায় হাটু পানি। গতবছর এ সময় বৃষ্টিতে ভেঙ্গে পড়েছিল আমাদের একমাত্র বসবাসের ঘরটি। আমরা গ্রামবাসির পক্ষ থেকে উপজেলা নির্বাহী অফিসারকে মোবাইলে বিষয়টি জানালে নির্বাাহী অফিসার ঘটনাস্থল পরিদর্শন করে একটি কালভার্টের ব্যাবস্থা করে পানিবন্দী পরিবারকে রক্ষা করা হবে এমন প্রতিশ্রুতি দিয়েছিলেন। এমন কথা জানিয়ে ভাটপাড়া গ্রামের আমিনুল ইসলাম বলেন, একবছর পেরিয়ে গেলেও তার বাস্তবায়ন হয়নি,কমেনি আমাদের দুর্দশা। গ্রামবাসির দুদর্শা রয়েই গেছে। গতকালের বৃষ্টিতে আবারো পানিবন্দি হয়ে পড়েছে গ্রামের অর্ধশত পরিবার। গ্রামবাসীর প্রাণেরদাবী একটি মাত্র কালর্ভাট স্থাপন করা হলে গ্রামের মধ্যে জমে থাকা পানি কাজলা নদীতে নিষ্কাশিত হবে। জেগে উঠবে পানিবন্দি পরিবার। পানিবন্দি জীবন থেকে রেহায় পেতে সংশ্লিষ্ট কৃর্তপক্ষের দৃষ্টি কামনা করা হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ বলেন, আমি ঘটনাস্থলে গিয়ে তাদের দুর্দশা দেখেছি। কাজটি সড়ক ও জনপদের আওতাভুক্ত । সড়ক ও জনপদের কাছে আবেদন করা হলে গ্রামবাসির দুর্ভোগ লাঘব হবে।